

📃 ইউসুফ | Yusuf | فُوسُف

আয়াতঃ ১২ : ৯৫

💵 আরবি মূল আয়াত:

قَالُوا تَاللّٰهِ إِنَّكَ لَفِي ضَلَلِكَ القَدِيمِ ﴿٩٥﴾

🗚 অনুবাদসমূহ:

তারা বলল, 'আল্লাহর কসম, আপনি তো সেই পুরোন ভ্রান্তিতেই আছেন'। — আল-বারান বাড়ীতে উপস্থিত ব্যক্তিরা বলল, 'আল্লাহর কসম! তুমি তো সেই তোমার পুরনো বিভ্রান্তিতেই আছ দেখছি।' — তাইসিরুল

তারা বললঃ আল্লাহর শপথ! আপনিতো আপনার পূর্ব বিভ্রান্তিতেই রয়েছেন। — মুজিবুর রহমান

They said, "By Allah, indeed you are in your [same] old error." — Sahih International

৯৫. তারা বলল, আল্লাহর শপথ আপনি তো আপনার পুরোন বিভ্রান্তিতেই রয়েছেন।(১)

(১) অর্থাৎ উপস্থিত লোকেরা বললঃ আল্লাহর কসম, আপনি তো সেই পুরোনো ভ্রান্ত ধারণায়ই পড়ে রয়েছেন যে, ইউসুফ জীবিত আছে এবং তার সাথে মিলন হবে। ইবন কাসীর বলেন, তারা তাদের পিতার সাথে এমন কথা বললো যা কোন পিতার সাথে বলা যায় না। আল্লাহর কোন নবীর সাথে বলাই যায় না। কুরতুবী বলেন, যারা এ কথা বলেছিল তারা ঘরের অন্যান্য লোকেরা। ছেলেরা বলেনি। কারণ, তারা তখনও কেনআনে ফিরে আসেনি। পরবর্তী আয়াত থেকে তা বুঝা যাচছে।

তাফসীরে জাকারিয়া

(৯৫) তারা বলল, 'আল্লাহর শপথ! আপনি তো আপনার পূর্ব বিভ্রান্তিতেই রয়েছেন।' [1]

[1] خيكُول এর অর্থ মমতাময় ভালবাসার সেই বিহ্বলতা যা ইয়াকূব (আঃ)-এর স্বীয় পুত্র ইউসুফ (আঃ)-এর সাথে ছিল। পুত্রগণ বলতে লাগলেন, এখনও পর্যন্ত আপনি সেই আগের ভুলে; অর্থাৎ ইউসুফের মহব্বতে বিভোল রয়েছেন। এত দীর্ঘ সময় কেটে যাওয়ার পরও ইউসুফের মহব্বত আপনার মন থেকে দূর হয়নি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1691

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন